

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
গবেষণা ও উন্নয়ন শাখা  
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলী রোড, ঢাকা।  
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.০২.০০১.২২.২৩৯

তারিখ: ২ ফাল্গুন ১৪২৯

১৫ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: জাতীয় শিক্ষাক্রম ২০২১ (এবতেদায়ী স্তর) এর বিস্তরণ বিষয়ক অনলাইন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্র: টিএমইডি স্মারক নং-৫৭.০০.০০০০.০৫৭.২৯.০০২.২২.৩৩ তারিখ ০৭/০২/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩ শিক্ষাবর্ষ থেকে সারাদেশের প্রাথমিক-এবতেদায়ী স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১-এর আলোকে প্রণীত শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক অনুযায়ী শিখন কার্যক্রম চালু হতে যাচ্ছে। শিক্ষাক্রম বাস্তবায়নের নিমিত্ত এবতেদায়ী স্তরের সকল শিক্ষকের জন্য জাতীয় শিক্ষাক্রম ২০২১ (প্রাথমিক-এবতেদায়ী স্তর) এর বিস্তরণ বিষয়ক অনলাইন প্রশিক্ষণ চালু করা হয়েছে।

এমতাবস্থায়, সরকারী, বেসরকারী এবতেদায়ী মাদ্রাসার সকল শিক্ষককে ই-লার্নিং প্ল্যাটফর্ম মুক্তপাঠ ([dpe.muktopaath.gov.bd/course-details/1044](http://dpe.muktopaath.gov.bd/course-details/1044)) এ যুক্ত হয়ে অনলাইন প্রশিক্ষণটি সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: অনলাইন প্রশিক্ষণে অংশগ্রহণের নির্দেশিকা

১৫-২-২০২৩

মোঃ জিয়াউল আহসান

পরিচালক

ফোন: ০২-৪১০৩১৯২

ইমেইল: [ziaulhasan0000@gmail.com](mailto:ziaulhasan0000@gmail.com)

অধ্যক্ষ/সুপার/এবতেদায়ী প্রধান...সকল সরকারি/বেসরকারি  
মাদ্রাসা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.০২.০০১.২২.২৩৯/১(২৫৪)

তারিখ: ২ ফাল্গুন ১৪২৯

১৫ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
- ২) প্রকল্প পরিচালক, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
- ৩) জেলা প্রশাসক.....(সকল)।
- ৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ৫) উপজেলা নির্বাহী অফিসার.....(সকল)।
- ৬) জেলা শিক্ষা অফিসার.....(সকল)।
- ৭) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার....(সকল)।
- ৮) উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার....(সকল)।
- ৯) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


১৫-২-২০২৩

মুহম্মদ হোসাইন

পরিদর্শক

## অনলাইন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নির্দেশিকা

১. মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট ([www.dme.gov.bd](http://www.dme.gov.bd))-এ ভিজিট করুন এবং জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ (এবতেদায়ী স্তর-প্রাথমিক স্তর) এর বিস্তরণ বিষয়ক অনলাইন প্রশিক্ষণ কোর্সে প্রবেশ করতে <https://dpe.muktopaath.gov.bd> ভিজিট করুন। অথবা সরাসরি কোর্সে যেতে <https://dpe.muktopaath.gov.bd/course-details/1044/> লিংকে ভিজিট করুন।
২. কোর্সে প্রবেশ করার পর 'কোর্সটি শুরু করুন' বাটনে ক্লিক করে কোর্সে নিবন্ধন/লগইন করতে হবে। আপনি যদি ইতোমধ্যে মুক্তপাঠে নিবন্ধিত হয়ে থাকেন তাহলে সরাসরি আপনার মুক্তপাঠ ইউজার আইডি (রেজিস্ট্রেশনে ব্যবহৃত ইমেইল বা ফোন নম্বর) এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করুন।
৩. আপনি যদি পূর্বে মুক্তপাঠে নিবন্ধিত না থাকেন তাহলে এখানে 'রেজিস্ট্রেশন করুন' বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্যাদি পূরণ করে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।
৪. রেজিস্ট্রেশন সম্পন্ন করার সময় আপনার মোবাইল/ইমেইল যে কোন একটি ব্যবহার করা যাবে। মোবাইলের মাধ্যমে রেজিস্ট্রেশন করলে মোবাইলে একটি OTP আসবে আর ইমেইল ব্যবহার করলে ইমেইলে একটি ভেরিফিকেশন লিংক যাবে। OTP/ ইমেইল ভেরিফিকেশনের মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন হবে।
৫. মুক্তপাঠে রেজিস্ট্রেশন ও প্রোফাইল আপডেট করার সময় আপনার সার্টিফিকেটের নামটি সঠিকভাবে লিখতে হবে। আপনার আইডি থেকে একবার সার্টিফিকেট তৈরি হওয়ার পর সার্টিফিকেটের নাম পরিবর্তন করা যাবে না।
৬. এই কোর্সে মোট ৬টি মডিউল ও প্রত্যেকটি মডিউলের অভ্যন্তরে ৩-৫টি পাঠ/লেসন রয়েছে। প্রতিটি পাঠে রয়েছে নির্ধারিত বিষয়বস্তু যেমন: পূর্ব অভিজ্ঞতা প্রশ্নমালা, ভিডিও কনটেন্ট, পাঠ সহায়িকা (পিডিএফ), স্ব-মূল্যায়ন (কুইজ), মতামত ও আলোচনা। প্রত্যেকটি পাঠ/লেসনে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী অংশগ্রহণের মাধ্যমে পাঠটি সম্পন্ন হবে এবং ডান পাশে সবুজ টিকমার্ক দেখা যাবে। পাঠ সম্পন্ন না হলে বা টিকমার্ক দেখা না গেলে নির্দেশনা খেয়াল করুন।
৭. প্রত্যেকটি পাঠ ধাপে ধাপে সম্পন্ন করে কোর্সটি সম্পন্ন করতে হবে, একটি পাঠ সম্পন্ন না করে পরের পাঠে যাওয়া যাবে না। সকল পাঠ (১০০%) সম্পন্ন করলে আপনি সার্টিফিকেট আবেদন করতে পারবেন।
৮. এই কোর্সের সকল ভিডিও নির্দেশিকা কনটেন্ট, পাঠসহায়িকা, কুইজ ইত্যাদি মাউশি অধিদপ্তর, এনসিটিবি এবং এটুআই এর মাধ্যমে নির্মিত। বিনা অনুমতিতে কোর্সের কোন ভিডিও, পাঠসহায়িকা, কুইজের প্রশ্নোত্তর সামাজিক যোগাযোগ মাধ্যম (ফেসবুক/ইউটিউব) বা অন্য কোন মাধ্যমে শেয়ার করা নিষিদ্ধ। কোনো ব্যবহারকারী এরূপ কর্মকাণ্ডে জড়িত হলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
৯. কোর্স সম্পন্ন করতে কোন কারিগরি সমস্যার সম্মুখীন হলে নিজ জেলার ICT4E অ্যাশ্বাসেডর শিক্ষকদের সহায়তা নিতে পারবেন (তালিকা কোর্স লিংকে সংযুক্ত)।
১০. এছাড়া মুক্তপাঠের ইউজার ম্যানুয়াল দেখতে ভিজিট করুন-  
**[muktopaath.gov.bd/usermanual](http://muktopaath.gov.bd/usermanual)**
১১. মুক্তপাঠ টিমের সাথে যোগাযোগ (বিস্তারিত কোর্স পাতায় রয়েছে):
  - ✓ ইমেইল: [info.muktopaath.gov.bd](mailto:info.muktopaath.gov.bd)
  - ✓ ফেসবুক পেইজ: [www.facebook.com/muktopaath.gov.bd](https://www.facebook.com/muktopaath.gov.bd)

  
14.02.2023